# কসর ও জমা করে সালাত আদায় সম্পর্কে কিছু বিধান

বিভাগ/অধ্যায়ঃ মুসাফিরের সালাত ও অন্যান্য বিধি-বিধান নিয়ে কিছু প্রশ্নোত্তর

রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

৮ যদি কেউ সালাতে প্রবেশের সময় নিয়্যত করে পূর্ণ সালাত আদায় করবে, কিন্তু সালাত আদায়ের সময় তার স্মরণ হলো যে সে তো মুসাফির, এমতাবস্থায় সে কি কসর আদায় করবে?

এমতাবস্থায় তার উপর পূর্ণরূপ সালাত আদায় করা আবশ্যক নয়, বরং সে কসর করবে, যদিও সে সালাতের শুরু থেকে কসরের নিয়্যত করে নি। কারণ মুসাফিরের সালাতের ব্যাপারে মূল কথা হচ্ছে কসর করা। যেমন আয়েশা রাদিয়াল্লাহু ‘আনহা থেকে বর্ণিত, তিনি বলেন,

«فرضت الصلاة ركعتين ركعتين في الحضر والسفر فأقرت صلاة السفر وزيد في صلاة الحضر»

“সালাত প্রথমে ভ্রমণ ও অবস্থানকালীন অর্থাৎ সর্বাবস্থায় দু’ রাকা‘আত দু’রাকা‘আত করে ফরয হয়েছিল, অতঃপর সফরের সালাতকে তার অবস্থায় রেখে দেওয়া হয় কিন্তু অবস্থানকালীন সময়ের সালাতে বৃদ্ধি ঘটে।”

আর এ মতটি শাইখুল ইসলাম ইবন তাইমিয়্যাহ রহ. পছন্দ করেছেন।

Source — https://www.hadithbd.com/books/link/?id=7305

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন